

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৬৬৪

শান্তিরবাজার, ২২ জানুয়ারি, ২০২৪

পিলাক প্রত্র ও পর্যটন উৎসব সমাপ্তি

পিলাক বৌদ্ধ ও হিন্দু ধর্মের মেলবন্ধনের এক নিদর্শন : কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

পিলাক দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে তিনদিনব্যাপী পিলাক প্রত্র ও পর্যটন উৎসব গতকাল সমাপ্ত হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। সমাপ্তি অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াৎ, ত্রিপুরা হিউম্যান রাইটস কমিশনের চেয়ারপার্সন বিচারপতি (অবসরপ্রাপ্ত) এস সি দাস, সমাজসেবী অজয় রিয়াৎ প্রমুখ। সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস দত্ত। সমাপ্তি অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, পিলাক বৌদ্ধ ও হিন্দু ধর্মের মেলবন্ধনের এক নিদর্শন। পিলাক একটি অন্যতম পর্যটন ক্ষেত্র। আমাদের রাজ্যের পর্যটন ক্ষেত্রগুলির পরিকাঠামোর উন্নয়নে বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া বলেন, পিলাকের প্রত্র নিদর্শনগুলি পর্যটকদের কাছে আকর্ষণীয়। তিনি এখানকার প্রত্র নিদর্শনগুলি রক্ষার জন্য সকলের কাছে আহ্বান জানান। সমাপ্তি অনুষ্ঠানে অতিথিগণ সঙ্গে প্রদর্শনীতে অংশগ্রহণকারী কৃষকদের হাতে পূরক্ষার তুলে দেন।

উল্লেখ্য, গত ১৯ জানুয়ারি তিনদিনব্যাপী পিলাক প্রত্র ও পর্যটন উৎসবের উদ্বোধন হয়েছিল। গত ২০ জানুয়ারি উৎসবের দ্বিতীয় দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়। অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন, পিলাক আমাদের রাজ্যের একটি অন্যতম পর্যটন কেন্দ্র। দেশ-বিদেশের পর্যটকদের কাছে পিলাকের আকর্ষণ রয়েছে। তিনি বলেন, পর্যটন শিল্পের বিকাশে রাজ্যের বর্তমান সরকার পর্যটন কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়নে গুরুত্ব দিয়েছে। উৎসবের দ্বিতীয় দিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, সমবায়মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া, সমাজসেবী রাজীব ভট্টাচার্য, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ।
